



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর


স্মারক নংঃ (০-৫)জাতী.বি./পনি দপ্তর/২০২২/৭৫/১৯১৮

তারিখ : ০৭/০৮/২০২৩

TMIS ডাটা বেইজ এ ঠিকানা ও পদবীসহ আনুষঙ্গিক তথ্যাদি সংশোধন প্রসঙ্গে

সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয়গণকে জানানো যাচ্ছে যে, স্মারক নংঃ (০-৫)জাতী.বি./পনি দপ্তর/২০২২/৭৫/৮৪৪, তারিখ ০১/০৬/২০২৩ এবং স্মারক নংঃ (০-৫)জাতী.বি./পনি দপ্তর/২০২২/৭৫/৮৪৪, তারিখ ০৬/০৭/২০২৩ মোতাবেক প্রকাশিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডাটাবেইজ TMIS এ অন্তর্ভুক্ত আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষকের নাম, পদবী, যোগদানের তারিখ, জন্ম তারিখ, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, অনলাইন সোনালী ব্যাংক হিসাব নম্বর ইত্যাদি তথ্য সংশোধন এবং হালনাগাদকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তির মেয়াদ আগামী ২০/০৭/২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। উল্লিখিত তথ্যাদি সংশোধনের জন্য বার বার অনুরোধ করা সত্ত্বেও অনেক শিক্ষক তাঁর পদবী ও ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্য আপডেট করেননি বলে প্রতীয়মান হচ্ছে। অনেক কলেজ থেকে অধ্যক্ষ মহোদয়গণের প্রেরিত শিক্ষকগণের তালিকা হতে দেখা যায় যে, অনেক শিক্ষক ঐ কলেজে কর্মরত নেই। তবে বর্তমানে কোন কলেজে কর্মরত আছেন তা জানা যাচ্ছে না। ঐ সকল শিক্ষকের বর্তমান ঠিকানা ও পদবীসহ আনুষঙ্গিক তথ্য না জানার ফলে টিএমআইএস আপডেট করা যাচ্ছে না বিধায় তাঁদের টিএমআইএস সাময়িকভাবে Inactive রাখতে হচ্ছে। যেসব আইডিতে শিক্ষকগণের ঠিকানা ও পদবীসহ আনুষঙ্গিক তথ্য পরিবর্তন হয়েছে তাঁদের ঠিকানা/পদবীসহ আনুষঙ্গিক প্রয়োজনীয় তথ্যাদি সংশোধনের নিমিত্তে কলেজ অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে কলেজের ইমেইল হতে tmis@nu.ac.bd ইমেইলে আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত ইমেইল এড্রেস ব্যতীত ডাকযোগে বা হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না। সুষ্ঠুভাবে পরীক্ষা কার্যক্রম পরিচালনা এবং শিক্ষকগণের নিয়োগপত্র, বিলসহ বিভিন্ন কার্যক্রম সহজ ও গতিশীল করার স্বার্থে সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করি।

ধন্যবাদান্তে,



(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭